গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
উন্নয়ন অনুবিভাগ

নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০২.২১-৬৭ তারিখঃ ১৭.১০.২০২১ খ্রিঃ।

জনাব মোঃ শাহাদাৎ হোসাইন, অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর চট্টগ্রাম জেলার ''কর্ণেলহাট ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র'' পরিদর্শন প্রতিবেদন।

বিগত ১০/১০/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১২.৩০ টার সময় চট্টগ্রাম জেলার চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এলাকায় '' কর্ণেলহাট ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র'' পরিদর্শন করি। পরিদর্শনকালে ডাঃ উখ্যে উইন, উপপরিচালক, পরিবার পরিকল্পনা, জনাব মোহাম্মদ মোহসিন , নির্বাহী প্রকৌশলী, এইচইডি ও ডাঃ ছেহেলী নার্গিস, রিজিওনাল কনসালটেন্ট, এফসিপিএস-কিউএটি, চট্টগ্রাম অঞ্চল এবং ডাঃ হ্যাপী কর্মকার, মেডিকেল অফিসার, কর্ণেলহাট ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, চট্টগ্রাম উপস্থিত ছিলেন। মা ও শিশু কল্যাণ কেন্দ্র স্বাভাবিক প্রসব সেবা প্রদানের জন্য নির্বাচিত ০১ (এক) টি কেন্দ্র। তবে অবকাঠামোগত ও জনবলের ঘাটতির কারণে সেবা কার্যক্রম পূর্ণাঙ্গভাবে শুরু করা সম্ভব হয়নি। পরিদর্শনের অনুসন্ধানগুলো নিম্নরূপঃ

১। কর্ণেলহাট ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু স্বাস্থ্য সেবা হাসপাতাল নির্মাণের জন্য ০৫/০৬/২০১৩ খ্রিঃ তারিখ স্বাস্থ্য প্রকৌশল বিভাগ, সিভিল সার্জন চট্টগ্রাম এর নিকট হতে স্থানের দখল বুঝে নেন (প্যাকেজ নং-WP-565/SDP (GOB)-HED) (সংযুক্তি-১)।

২। ওপি (২০১১-২০১৬) অনুযায়ী কর্ণেলহাট ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের হওয়া সত্ত্বেও স্বাস্থ্য প্রকৌশল বিভাগ কর্তৃক নির্মাণ কাজ শেষ করে ২৭/০৫/২০১৫ খ্রিঃ তারিখ সিভিল সার্জন চট্টগ্রাম এর তত্ত্বাবধানে মেডিকেল অফিসার, সরকারী আরবান ডিসপেনসারী, চট্টগ্রামের নিকট হস্তান্তর করেন। এ বিষয়ে উপপরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে অবহিত করেন। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিকল্পনা ইউনিট থেকে ৩১/১০/২০১৮ খ্রিঃ তারিখের ৬৪৩ নং স্মারকে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় মহোদয়কে কর্ণেলহাট ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নিকট হস্তান্তরের জন্য জানানো হয় (সংযুক্তি-২)।

৩। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ৩০/১০/২০১৮ খ্রিঃ তারিখের ৬৭ নং স্মারকে '' কর্ণেলহাট ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নিকট হস্তান্তরের জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হয় (সংযুক্তি-৩)।

৪। সিভিল সার্জন, চট্টগ্রাম তাঁর কার্যালয়ের ১৬/০২/২০২০ খ্রিঃ তারিখের ২৬১৪ নং স্মারকে কর্ণেলহাট ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি পরিবার পরিকল্পনা বিভাগের নিকট হস্তান্তরের বিষয়ে নিক নির্দেশনা চেয়ে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করে (সংযুক্তি-৪)।

৫। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সদয় নির্দেশনার আলোকে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২৮/০২/২০২১ খ্রিঃ তারিখের ৫৯.০০.০০০০.১৩১.৩৩.০১১.৩৪ নং স্মারকে কর্ণেলহাট ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি উপপরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম এর নিকট হস্তান্তর করার জন্য সিভিল সার্জন, চট্টগ্রামকে অনুরোধ করা হয় (সংযুক্তি-৫)। সে মোতাবেক সিভিল সার্জন, চট্টগ্রাম ১৮/০৯/২০২১ খ্রিঃ তারিখ উপপরিচালক, পরিবার পরিকলপনা, চট্টগ্রাম এর নিকট ২য় ফ্লোরে হাসেম নাজের দাতব্য চিকিৎসালয়ের বহিঃ বিভাগের সেবা কার্যক্রম চালু রেখে ১ম ও ৩য় ফ্লোর পরিবার পরিকল্পনা বিভাগের নিকট হস্তান্তর করে। ফলে মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি স্বাভাবিক প্রসব সেবা কেন্দ্র হওয়া সত্ত্বেও পূর্ণাঙ্গ সেবা কার্যক্রম শুরু করা যাচ্ছে না। এ ভবনের ০৩ টি ফ্লোরের মধ্যে ০১ টি ফ্লোর সিভিল সার্জন, চট্টগ্রাম বুঝিয়ে না দেয়ায় মা ও শিশু কল্যাণ কেন্দ্রের কার্যক্রম পুরোপুরিভাবে সম্ভব হচ্ছে না।

৬। কর্ণেলহাট ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ০২ জন মেডিকেল অফিসার ও ১০ জন স্টাফের পদ সৃজন করা হয়েছে। তন্মধ্যে ০১ জন মেডিকেল অফিসার, ০১ জন পরিবার কল্যাণ পরিদর্শিকা, ০২ জন আউট সোর্সিং সহকারী নার্সিং এ্যাটেনডেন্ট ও ০১ জন পরিচ্ছন্নতা কর্মী কর্মরত আছেন। পূর্ণাঙ্গভাবে ভবনটি সিভিল সার্জন, চট্টগ্রাম কর্তৃক পরিবার পরিকল্পনা অধিদপ্তর, চট্টগ্রামকে হস্তান্তর না করায় সুন্দরভাবে নির্মিত ঢাকা- চট্টগ্রাম মহাসড়কের সাথে লাগোয়া ভবনটির স্বাস্থ্য সেবা গ্রহণ করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে মাননীয় মন্ত্রীর অনুমোদনের বিষয়টি উল্লেখ করে ভবনটি উপপরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বরাবরে হস্তান্তর করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে বিষয়টি অবহিত করার জন্য পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ ও সিভিল সার্জন, চট্টগ্রামকে পত্র দেয়া যেতে পারে। সার্বিক বিষয় মনিটরিং করার জন্য বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগকে বলা যেতে পারে।

চলমান পাতা-২

৭। বর্তমানে নীচ তলার ০১ টি কক্ষে গর্ভবতী, প্রসব সেবা, গর্ভোত্তর, প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। তবে কর্মরত সকলকে উপস্থিত পাওয়া যায়।

৮। কর্ণেলহাট ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি হাইওয়ের পাশে এবং বেশ পরিস্কার পরিচ্ছন্ন। পূর্বের বিদ্যুত বিল বকেয়া থাকায় সংযোগ বিচ্ছিন্ন আছে। স্থানীয় ব্যবস্থাপনায় সেবা কার্যক্রম চলমান রয়েছে। ভবন হস্তান্তরের জটিলতা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রামকে সক্রিয় ব্যবস্থ্য নিয়ে মন্ত্রণালয় ও অধিদপ্তরকে অবহিত করার জন্য পরিমর্শ দেয়া যায়।

<u>সুপারিশসমূহঃ</u>

০১। ৩য় তলা ভবনের পুরোটাই পরিবার পরিকল্পনা বিভাগের নিকট হস্তান্তরের জরুরি ব্যবস্থা গ্রহণ করতে পরিচালক (স্বাস্থ্য), বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম ও সিভিল সার্জন চট্টগ্রামকে পত্র দিতে হবে।
০২। মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি জরুরি প্রসব সেবাসহ মা ও শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা বাস্তবায়ন নিশ্চিতের ব্যবস্থা নিতে হবে।
০৩। বিদ্যুত সমস্যার সমাধান করতে হবে।
০৪। অনুমোদিত সকল পদে জনবল নিয়োগ/পদায়ন নিশ্চিত করতে হবে।
০৫। ডরমেটরী ও কোয়ার্টার নির্মাণ করতে হবে। তবে হাসপাতালের পতিত কোন জমি না থাকায় ভার্টিক্যাল এক্সটেনশন করে কোয়ার্টার ও ডরমেটরী নির্মাণ করার ব্যবস্থা নিতে হবে। ভবনটি ৬ তলা ফাউন্ডেশনের বিধায় ভার্টিক্যাল এক্সটেশন সম্ভব।
০৬। লিফট এর প্রয়োজনীয় অবকাঠামো করা আছে। লিফট স্থাপনের ব্যবস্থা নিতে হবে।
০৭। ভবন হস্তান্তরের জটিলতা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রামকে সক্রিয় ব্যবস্থ্য নিয়ে মন্ত্রণালয় ও অধিদপ্তরকে অবহিত করার জন্য পরিমর্শ দেয়া যায়।

**সার্বিক মন্তব্যঃ** ভবনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত। অহেতুক জটিলতা সৃষ্টির মধ্যেমে জনগণকে স্বাস্থ্য সেবা গ্রহনের সুবিধা থেকে বঞ্চিত করা হচ্ছে বলে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে।

সংযুক্তিঃ বর্ণনামোতাবেক ০৬ (ছয়) পাতা।

১৭/১০/২০২১

মোঃ শাহাদাৎ হোসাইদ
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ফোন-৯৫৪৬১২২

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০২.২১-৬৭ তারিখঃ ১৭.১০.২০২১ খ্রিঃ।

<u>বিতরণ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃ আঃ অতিরিক্ত সচিব (উন্নয়ন)]
২। মহাপরিচালক (গ্রেড-১), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পঃ কঃ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫/১০৬, মতিঝিল, ঢাকা।
৭। যুগ্মসচিব (নির্মাণ ও মেরামত), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
৮। বিভাগীয় পরিচালক (যুগ্মসচিব), পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৯। পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) এবং লাইন ডাইরেক্টর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
১০। সিভিল সার্জন, চট্টগ্রাম।
১১। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম।
১২। নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম।
১৩। মেডিকেল অফিসার (ক্লিনিক), কর্ণেলহাট ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, চট্টগ্রাম।

১৭/১০/২০২১

মোঃ শাহাদাৎ হোসাইদ
অতিরিক্ত সচিব (উন্নয়ন)